

অফিস আদেশ

যেহেতু, ড. মোহা: মোস্তফা কামাল BARI0423, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, ঈশ্বরদী, পাবনা ধর্মীয় স্থান পরিদর্শনের জন্য (ভারত ও অস্ট্রেলিয়া) ১৫-০১-২০১৭ খ্রি. হতে ০২-০৩-২০১৭ খ্রি. পর্যন্ত মোট ০১ (এক) মাস ১৬ (ষোল) দিন বহিঃবাংলাদেশ ছুটি ভোগ শেষে কর্মস্থলে যোগদান না করে ০৩-০৩-২০১৭ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (ক) (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১৩.২৩.৮১৪২ তারিখ: ২০-০৬-২০২৩ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) এবং অভিযোগ বিবরণী জারী করা হয় ও ১০ কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জবাব প্রেরণ এবং ব্যক্তিগত শুনানীতে আগ্রহী কিনা তা জানানোর জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, ড. মোহা: মোস্তফা কামাল BARI0423, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা’র বিরুদ্ধে জারিকৃত ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে ০৬-০৭-২০২৩ তারিখে দাখিলকৃত জবাবে আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী চাননি এবং দাখিলকৃত জবাব সন্তোষজনক প্রতিপন্ন না হওয়ায় রুজুকৃত বিভাগীয় মামলা পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত আপনার বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১৩.২৩.১৪০২ তারিখ: ২৪-০৯-২০২৩ মোতাবেক ড. মো. আবু হেনা ছরোয়ার জাহান BARI0161, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে ড. মোহা: মোস্তফা কামাল BARI0423, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা’র বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (ক) (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়ন” এর অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলার আনুসঙ্গিক কাগজপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক কেন তাঁকে চাকরি হতে “বরখাস্ত” করা হবে না অথবা অন্য কোন গুরুদণ্ড প্রদান করা হবে না এ মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

যেহেতু, সে পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ড. মোহা: মোস্তফা কামাল BARI0423, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে ২য় কারণ দর্শানো নোটিশ এর কোনরূপ জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ রক্ষা করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ড. মোহা: মোস্তফা কামাল BARI0423, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা’র বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়াদি ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে “বরখাস্ত” গুরুদণ্ড আরোপ করার সিদ্ধান্ত গৃহিত হয়;

যেহেতু, গত ০৭-০৭-২০২৪ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের ৭৭তম বোর্ড সভায় ড. মোহা: মোস্তফা কামাল BARI0423, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা’কে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে “বরখাস্ত” করার চূড়ান্ত অনুমোদন দেয়া হয়;

সেহেতু, ড. মোহা: মোস্তফা কামাল BARI0423, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, ঈশ্বরদী, পাবনা এর বিরুদ্ধে আনিত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাক্রমে “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক অত্র ইনস্টিটিউটের চাকরি হতে “বরখাস্ত” করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(ড. দেবশীষ সরকার)

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: ০২-৪৯২৭০০০০

প্রাপকঃ

রেজি./এডিঃ

ড. মোহা: মোস্তফা কামাল BARI0423

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র,

বারি, ঈশ্বরদী, পাবনা।

রেজি./এডিঃ স্থায়ী ঠিকানা-

ড. মোহা: মোস্তফা কামাল

পিতা-মোহা: হাওয়াছ আলী

গ্রাম+পোস্টঃ বাহিরচর ষোলদাগ

থানাঃ ভেড়ামারা, জেলাঃ কুষ্টিয়া।

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১৩.২৩.৩৯৪

তারিখ: ০১-০৮-২০২৪

অনুলিপিঃ-

- ১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন/কন্দাল), বারি, গাজীপুর/ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, ঈশ্বরদী, পাবনা
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (বারি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
- ৪। ড. মোহা: মোস্তফা কামাল, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাল গবেষণা ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, ঈশ্বরদী, পাবনা
- ৫। ড. মোহা: মোস্তফা কামাল, পিতা-মোহা: হাওয়াছ আলী, গ্রাম+পোস্টঃ বাহিরচর ষোলদাগ, থানাঃ ভেড়ামারা, জেলাঃ কুষ্টিয়া
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
- ৭। এসিআর সেল/কম্পিউটার সেল
- ৮। ব্যক্তিগত নথি/মান্টার ফাইল/সংশ্লিষ্ট নথি।


(মোঃ মিজানুর রহমান খন্দকার)
উপ-পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ৪৯২৭০০১০/৫৩০৬